# হাদির পরিবারকে সরকারি ফ্ল্যাট হস্তান্তর করলেন প্রধান উপদেষ্টা



শহীদ ওসমান হাদি। ছবি: সংগৃহীত

শহীদ শরিফ ওসমান হাদির পরিবারের কাছে একটি প্রস্তুত ফ্ল্যাটের দলিল ও চাবি তুলে দিয়েছেন প্রধান উপদেষ্টা প্রফেসর মুহাম্মদ ইউনূস।

মঙ্গলবার (১০ ফেব্রুয়ারি) রাষ্ট্রীয় অতিথি ভবন যমুনায় আয়োজিত সংক্ষিপ্ত অনুষ্ঠানে ওসমান হাদির স্ত্রী ও পরিবারের সদস্যদের উপস্থিতিতে হস্তান্তর প্রক্রিয়া সম্পন্ন হয়।

রাজধানীর লালমাটিয়া এলাকায় অবস্থিত ফ্ল্যাটটি জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের মাধ্যমে বরাদ্দ দেওয়া হয়েছে। অনুষ্ঠানে ফ্ল্যাটের মালিকানাসংক্রান্ত কাগজপত্র পরিবারের হাতে বুঝিয়ে দেওয়া হয় এবং আনুষ্ঠানিকভাবে চাবি হস্তান্তর করা হয়।

এ সময় উপস্থিত ছিলেন গৃহায়ন ও গণপূর্ত উপদেষ্টা আদিলুর রহমান খান, তথ্য উপদেষ্টা সৈয়দা রেজওয়ানা হাসান, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের সচিব মো. নজরুল ইসলাম এবং জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের চেয়ারম্যান ফেরদৌসী বেগম।

LENS ASIA